# এনফোর্সমেন্ট বুলেটিন

**(মার্চ, ২০২৬)**



## পরিবেশ অধিদপ্তর

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

# এনফোর্সমেন্ট বুলেটিন


**নির্দেশনায়**

**ড. নুরুন নাহার**
অতিরিক্ত সচিব, মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

**তত্ত্বাবধানে**

**মোঃ জিয়াউল হক**
অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব)

**সম্পাদনায়**

**সৈয়দ ফরহাদ হোসেন**
পরিচালক (মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট)

**সহযোগিতায়**

**সৈয়দ আহম্মদ কবীর**
উপপরিচালক

**সাবরিন সুলতানা**
উপপরিচালক

**ইয়াসমিন আক্তার**
সহকারী পরিচালক

**শেখ মোজাহীদ**
সহকারী পরিচালক

**প্রকাশকাল**
এপ্রিল ২০২৬

**প্রকাশক**
মহাপরিচালক
পরিবেশ অধিদপ্তর



**পরিবেশ ভবন**
ই/১৬, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
ফোন: ০২-২২২২১৮৫০০, ইমেইল: dg@doe.gov.bd
ওয়েবসাইট: www.doe.gov.bd, facebook.com/doebd



**পরিচালক**
মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং
পরিবেশ অধিদপ্তর

# মুখবন্ধ

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এর অধীনে পরিবেশ অধিদপ্তর পরিবেশ সুরক্ষা তথা পরিবেশ সংরক্ষণ, দূষণ নিয়ন্ত্রণ ও দূষণ প্রতিরোধমূলক কার্যক্রম পরিচালনা করে আসছে। পরিবেশ দূষণ নিয়ন্ত্রণের লক্ষ্যে পরিবেশ অধিদপ্তর নিয়মিতভাবে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন-১৯৯৫ (সংশোধিত-২০১০) ও এর অধীনে জারিকৃত বিভিন্ন বিধিমালাসমূহসহ যেমন:- বাংলাদেশ জীববৈচিত্র্য আইন, ২০১৭; বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০; ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত-২০১৯) সহ অন্যান্য আইনের আলোকে দেশব্যাপী এনফোর্সমেন্ট অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনা করছে।

বিগত সময়ের ধারাবাহিকতায় মার্চ/২০২৬ মাসেও পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং কর্তৃক মাসিক বুলেটিন প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। মার্চ/২০২৬ মাসে অবৈধ পলিথিন, ইটভাটা, নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ, শব্দ দূষণ ইত্যাদি ক্ষেত্রে সমগ্র বাংলাদেশে ১৮২ টি মোবাইল কোর্ট পরিচালনা করে মোট ৪০৮ টি প্রতিষ্ঠান/ব্যক্তিকে ৩,১৫,২৯,০০০/- (তিন কোটি পনেরো লক্ষ উনত্রিশ হাজার ) টাকা জরিমানা ধার্যসহ আদায় করা হয়েছে এবং আনুমানিক ৫০৮৫ কেজি পলিথিন ও ২৪০ টি হাইড্রোলিক হর্ন জব্দ করা হয়েছে। দেশব্যাপী পরিচালিত মোবাইল কোর্টের্র এ সকল তথ্যাদি অত্র বুলেটিনে সংকলন করা হয়েছে। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের নির্দেশনায় নিয়মিত পরিবেশ দূষণ বিরোধী কার্যক্রম সাম্প্রতিককালে অনেক বেগবান করা হয়েছে এবং এ সকল কার্যক্রম বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রচারিত হচ্ছে যা বিভিন্ন মহলে প্রশংসিত হচ্ছে। এছাড়াও পরিবেশ দূষণকারী মোট ২০১ টি হাসপাতাল-ক্লিনিক, ইটভাটা, শিল্প প্রতিষ্ঠানকে নোটিশ প্রদান করে শুনানির মাধ্যমে মোট ২,৩৪,৭৭,৯১২/- (দুই কোটি চৌত্রিশ লক্ষ সাতাত্তর হাজার নয়শত বারো) টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়েছে এবং ২০ টি প্রতিষ্ঠানকে কার্যক্রম বন্ধের নির্দেশ প্রদান করা হয়েছে।

পরিবেশ সুরক্ষার মহতী উদ্যোগের অংশ হিসাবে দেশব্যাপী পরিবেশ দূষণ বিরোধী অভিযান পরিচালনায় পরিবেশ অধিদপ্তরের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ, অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ, আইন শৃংখলা রক্ষাকারী বাহিনী এবং সার্বিকভাবে বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসকগণকে পরিবেশ অধিদপ্তরের পক্ষ থেকে আন্তরিকভাবে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করছি।

পরিশেষে, অত্র অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সার্বিক তত্ত্বাবধান ও নির্দেশনার জন্য আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। একইসাথে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং কর্তৃক পরিবেশ দূষণ বিরোধী অভিযানের মাসিক বুলেটিন প্রকাশে সহযোগিতার জন্য পরিবেশ অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মচারিদের আন্তরিকভাবে ধন্যবাদ জ্ঞাপন করছি।

**সৈয়দ ফরহাদ হোসেন**

# সূচিপত্র


| | | |
|---|---|---|
| ১ | পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৭ ধারার আওতায় মার্চ/২০২৬ মাসে এনফোর্সমেন্ট কার্যক্রম। | ৩ |
| ২ | মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক মার্চ/২০২৬ মাসে মনিটরিং কার্যক্রম। | ৪ |
| ৩ | মার্চ/২০২৬ মাসের সমগ্র বাংলাদেশে পরিচালিত পরিবেশ দূষণ বিরোধী মোবাইল কোর্ট অভিযানসমূহ। | ৫-১৩ |
| ৪ | মার্চ/২০২৬ মাসে সমগ্র বাংলাদেশে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রকাশিত/ প্রচারিত পরিবেশ দূষণ বিরোধী মোবাইল কোর্ট অভিযানসমূহ। | ১৪-১৬ |

## পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ এর ৭ ধারার আওতায় ফেব্রুয়ারী/২০২৬ মাসে এনফোর্সমেন্ট কার্যক্রম ঃ



*চিত্র ঃ এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানি গ্রহণ*



*ছবি ঃ এনফোর্সমেন্ট শাখায় শুনানিতে অংশগ্রহণকারীদের উপস্থিতি*

মার্চ/২০২৬ মাসে ইটভাটা, শিল্প কারখানা, পাহাড় কর্তন, জাহাজ ভাঙ্গা, পুকুর ভরাট, হাসপাতাল ইত্যাদির বিবুদ্ধে পরিবেশ দূষণ বিরোধী কার্যক্রমে মোট ২০১ (দুইশত এক) টি প্রতিষ্ঠান/ব্যক্তিকে ২,৩৪,৭৭,৯১২/- (দুই কোটি চৌত্রিশ লক্ষ সাতাত্তর হাজার নয়শত বারো) টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয় এবং ২,৫২,৯৬,৭০৭/- (দুই কোটি বায়ান্ন লক্ষ ছিয়ানব্বই হাজার সাতশত সাত) টাকা ক্ষতিপূরণ আদায় করা হয়।

**বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৭ (১) ধারা অনুযায়ী প্রতিবেশ ব্যবস্থার ক্ষতির ব্যাপারে ব্যবস্থা গ্রহণ:** মহা-পরিচালকের নিকট যদি প্রতীয়মান হয় যে, কোন ব্যক্তির কাজ করা বা না করা প্রত্যক্ষ অথবা পরোক্ষভাবে প্রতিবেশ ব্যবস্থা বা কোনো ব্যক্তি বা গোষ্ঠির ক্ষতি সাধন করিতেছে বা করিয়াছে, তাহা হইলে তিনি উক্ত ক্ষতির পরিমাণ নির্ধারণপূর্বক উহা পরিশোধ এবং যথাযথ ক্ষেত্রে সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ বা উভয় প্রকার ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ দিতে পারিবেন এবং উক্ত ব্যক্তি এইরুপ নির্দেশ পালনে বাধ্য থাকিবেন।

**বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ১৯ (২) ধারা অনুযায়ী ক্ষমতা অর্পণ:** মহাপরিচালক এই আইন বা বিধির অধীন তাহার যে কোনো ক্ষমতা অধিদপ্তরের যে কোনো কর্মকর্তাকে অর্পণ করিতে পারিবেন।

# মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক মার্চ/২০২৬ মাসে মনিটরিং কার্যক্রম ঃ









*চিত্র: মার্চ/২০২৬ মাসে বিভিন্ন শিল্প কারখানায় মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক বিভিন্ন শিল্প কারখানায় পরিদর্শনপূর্বক নমুনা সংগ্রহ*

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ঙ, ১৫(১) ধারা অনুযায়ী জলাধার হিসাবে চিহ্নিত জায়গা ভরাট বা অন্য কোনোভাবে শ্রেণী পরিবর্তন করার অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয়দণ্ড।

**০১ মার্চ ২০২৬** তারিখে  বায়ুদূষণকারী অবৈধ ইটভাটার বিরুদ্ধে ইট প্রস্তুত ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯) অনুসারে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ফরিদপুর জেলায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০২ টি মামলার মাধ্যমে ১ ৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২৫ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক নারায়ণগঞ্জ, ঝিনাইদহ, গাজীপুর, খুলনা ও নরসিংদী জেলায় ০৫ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১৭ টি মামলার মাধ্যমে ৭০,২০০/-(সত্তর হাজার দুইশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৩০ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। এছাড়া কয়েকটি যানবাহনের ড্রাইভারকে সতর্কতামূলক বার্তা প্রদান করা হয়। বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ করার দায়ে ঢাকা মহানগরের দক্ষিণ পীরেরবাগ এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যেমে ১০,০০০/- (দশ হাজার টাকা) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং পার্শ্ববর্তী কয়েকটি প্রতিষ্ঠানের মালিকগণকে সতর্ক করা হয়। এছাড়াও কয়েকটি প্রতিষ্ঠানের নির্মাণ সামগ্রী ঢেকে রাখা ও তাৎক্ষনিকভাবে সরিয়ে ফেলার নির্দেশনা দেওয়া হয়।





**০২ মার্চ ২০২৬** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে গাজীপুর জেলার আসওয়াদ কম্পোজিট মিলস লিঃ কে ১ লক্ষ ২২ হাজার ৫০০ টাকা; রংপুর জেলার সেবা প্যাথলজি সেন্টার কে ২৫ হাজার টাকা; নিউ আরজি ডায়াগনস্টিক সেন্টার কে ২৫ হাজার টাকা; এফ এইচ পি এগ্রো ফুড প্রোডাক্টস কে ৭৫ হাজার টাকা; ঢাকা মহানগরের ন্যাম ট্রেডিং কোং লিঃ কে ২১ হাজার ১৮০ টাকা; পঞ্চগড় জেলার মেসার্স হাসান ফিলিং স্টেশন কে ৭০ হাজার টাকা; এডভান্স ক্লিনিক এন্ড ডায়াগনস্টিক সেন্টার কে ৪০ হাজার টাকা; নারায়ণগঞ্জ জেলার হাতিম স্টীল স্ট্রাকচার লিঃ কে ৩০ হাজার টাকা; টাংগাইল জেলার গ্লোব কেমিক্যালস ইন্ডাঃ লিঃ কে পরিবেশগত ছাড়পত্র গ্রহনের নির্দেশ; খুলনা জেলার ফোকাস আই হসপিটাল লিমিটেড কে ৩০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। বায়ুদূষণকারী অবৈধ ইটভাটার বিরুদ্ধে ইট প্রস্তুত ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯) অনুসারে পরিবেশ অধিদপ্তর কর্তৃক মানিকগঞ্জ জেলায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৩ টি মামলার মাধ্যমে ১৮,০০,০০০/- (আঠারো লক্ষ ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় । শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২৫ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের লালবাগ এবং শেরপুর জেলায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৫ টি মামলার মাধ্যমে ৩,০০০/-(তিন হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৭ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। এছাড়া কয়েকটি যানবাহনের ড্রাইভারকে সতর্কতামূলক বার্তা প্রদান করা হয়। যানবাহন কর্তৃক মানমাত্রাতিক্ত কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের লালবাগ এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৪ টি মামলার মাধ্যমে ৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।





ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ধারা ৪, ১৪ অনুযায়ী জেলা প্রশাসকের নিকট হতে লাইসেন্স ব্যতীত ইট প্রস্তুত বা ইটভাটা স্থাপন, পরিচালনা বা চালুর জন্য অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অনধিক ২০ (বিশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।

**০৩ মার্চ ২০২৬** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে পাবনা জেলার বিল্লাল ডায়াগনস্টিক সেন্টার কে ১৫ হাজার টাকা; ঠাকুরগাঁও জেলার নিউ প্রাইম হাসপাতাল কে ৭৫ হাজার টাকা; নারায়ণগঞ্জ জেলার ফুডল্যান্ড প্রোডাক্টস কে কার্যক্রম বন্ধের নির্দেশ; এস কে এফ ফার্মাসিউটিক্যালস লিঃ কে ৫১ হাজার ৯২০ টাকা; ইসলামী ব্যাংক হাসপাতাল মতিঝিল কে ৫৬ হাজার ৫১২ টাকা; পঞ্চগড় জেলার মেসার্স গ্রাম বাংলা ফিলিং স্টেশন কে ৫০ হাজার টাকা; ময়মনসিংহ জেলার আবেদিন ইকুইপমেন্ট লিমিটেড কে ১ লক্ষ টাকা; রংপুর জেলার সীমান্ত এন্টারপ্রাইজ কে কার্যক্রম বন্ধের নির্দেশ; চাঁপাইনবাবগঞ্জ জেলার বীরশ্রেষ্ঠ শহীদ ক্যাপ্টেন মহিউদ্দীন জাহাঙ্গীর মেমোরিয়াল চক্ষু হাসপাতাল কে ৩০ হাজার টাকা; মেডিকেয়ার হসপিটাল কে ৫০ হাজার টাকা; মডেল ক্লিনিক এন্ড ডায়াগনস্টিক সেন্টার কে ৪০ হাজার টাকা; দিনাজপুর জেলার নিউ আনোয়ারা অটোমেটিক রাইস মিল কে ৭৫ হাজার টাকা; এগ্রিকালচার ইনপুট মার্কেটিং কে ১ লক্ষ টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। বায়ুদূষণকারী অবৈধ ইটভাটার বিরুদ্ধে ইট প্রস্তুত ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯) অনুসারে পরিবেশ অধিদপ্তর কর্তৃক কুড়িগ্রাম, বান্দরবান ও নড়াইল জেলায় ০৩ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০২ টি মামলার মাধ্যমে ৩,০০,০০০/- (তিন লক্ষ ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০৪ টি অবৈধ ইটভাটার কাঁচা ইট ধ্বংস ও চিমনী ভাঙ্গাসহ কার্যক্রম সম্পূর্ণরূপে বন্ধ করে দেওয়া হয় এবং ০১ টি ইটভাটাকে কার্যক্রম বন্ধের জন্য কঠোর নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া ০৪ টি ইটভাটার বিদ্যুৎ সংযোগ বিছিন্ন করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় যশোর ও চাঁপাইনবাবগঞ্জ জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০২ টি মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা করে ০২ টি মামলার মাধ্যমে ১০,৫০০/- (দশ হাজার পাঁচশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৩১৭ কেজি পলিথিন জব্দ করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(খ) ধারা লংঘন করায় বান্দরবান জেলায় পাহাড় কর্তনের দায়ে ০১ টি মোবাইল কোর্ট/ অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যমে ১০০,০০০/- (এক লক্ষ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং আশে-পাশের সাধারণ জনগণকে পাহাড় কর্তনের বিষয়ে সচেতন করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২৫ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক নওগাঁ জেলায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৩ টি মামলার মাধ্যমে ৩,৫০০/-(তিন হাজার পাঁচশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৫ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। যানবাহন কর্তৃক মানমাত্রাতিক্ত কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের আজিমপুর এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৫ টি মামলার মাধ্যমে ১১,৮০০/- (এগার হাজার আটশত টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।





**০৪ মার্চ ২০২৬** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে ঢাকা জেলার আফরোজা বেগম ডায়াগনস্টিক এন্ড কনসালটেশন সেন্টার কে ৩০ হাজার টাকা; সেবা ডায়াগনস্টিক সেন্টার কে ৩০ হাজার টাকা; স্মার্ট মেডিকেল সেন্টার কে ৩০ হাজার টাকা; মাহরীন ইন্ডাস্ট্রিজ কে ২০ হাজার টাকা; মেসার্স ক্যাপিটাল ট্যানারী কে ১০ লক্ষ টাকা; দিনাজপুর জেলার মর্ডাণ ডায়াগনস্টিক সেন্টার কে ২০ হাজার টাকা; চাঁপাইনবাবগঞ্জ জেলার মেসার্স আর বি এফ ব্রিকস কে ৫ লক্ষ টাকা; মেসার্স সি এস বি ব্রিকস কে ৫ লক্ষ টাকা; খুলনা জেলার নিউ গাজী ক্লিনিক এন্ড ডায়াগনস্টিক সেন্টার কে ২৫ হাজার টাকা; নারায়ণগঞ্জ জেলার সিনসিয়ার কম্পোজিট লিঃ কে ২১ হাজার টাকা; গাজীপুর জেলার নর্দান ফ্যাশন লিমিটেড কে ২০ হাজার টাকা; এস এস ট্রেড কম ইন্টারন্যাশনাল কে ৫০ হাজার টাকা এবং চট্টগ্রাম জেলার মেসার্স এস এন কর্পোরেশন (ইউনিট-২) কে ১০ লক্ষ টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। বায়ুদূষণকারী অবৈধ ইটভাটার বির“দ্ধে ইট প্রস্-ুত ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯) অনুসারে পরিবেশ অধিদপ্তর কর্তৃক কুড়িগ্রাম, সিলেট, চাঁদপুর, মুন্সীগঞ্জ এবং ঢাকা জেলার ধামরাই এলাকায় ০৫ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১৩ টি মামলার মাধ্যমে ৪১,০০,০০০/- (একচল্লিশ লক্ষ ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০৩ টি অবৈধ ইটভাটার কাঁচা ইট ধ্বংস ও চিমনী ভাঙ্গাসহ কার্যক্রম সম্পূর্ণরূপে বন্ধ করে দেওয়া হয় এবং ০১ টি ইটভাটাকে কার্যক্রম বন্ধের জন্য কঠোর নির্দেশনা প্রদান করা হয়।

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ (১), ১৫(১) ধারা অনুযায়ী স্বাস্থ্য হানিকর বা পরিবেশের জন্য ক্ষতিকর ধোঁয়া বা গ্যাস” অর্থ বিধি দ্বারা নির্ধারিত মান মাত্রা অতিক্রমকারী ধোঁয়া বা যে কোনো গ্যাস নিঃসরণ বন্ধ করার লক্ষ্যে পরীক্ষা করার উদ্দেশ্য ব্যতীত অন্য কোনভাবে উক্ত যানবাহন চালুর অপরাধে অনধিক ৫ (পাঁচ) হাজার টাকা অর্থদণ্ড আরোপযোগ্য।

এছাড়া ০১ টি ইটভাটার বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ঙ) ধারা লংঘন করায় মুন্সীগঞ্জ জেলায় দুইটি কারখানা দ্বারা জলাশয় ভরাটের দায়ে ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০২ টি মামলার মাধ্যমে ৫২০,০০০/- (পাঁচ লক্ষ বিশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং কারখানা দুটির বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২৫ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের পল্লবী এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যমে ৩,৫০০/-(তিন হাজার পাঁচশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ২ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। যানবাহন কর্তৃক মানমাত্রাতিক্ত কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের পল্লবী এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৩ টি মামলার মাধ্যমে '১২,০০০/- (বারো হাজার টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং কয়েকটি যানবাহনের ড্রাইভারকে সতর্ক করা হয়।





**০৫ মার্চ ২০২৬** তারিখে বায়ুদূষণকারী অবৈধ ইটভাটার বিরুদ্ধে ইট প্রস্তুত ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯) অনুসারে পরিবেশ অধিদপ্তর কর্তৃক নওগাঁ, শরীয়তপুর ও কুড়িগ্রাম জেলায় ০৪ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৪ টি মামলার মাধ্যমে ৩,৫৫,০০০/- (তিন লক্ষ পঞ্চান্ন হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০২ টি অবৈধ ইটভাটার কাঁচা ইট ধ্বংস ও চিমনী ভাঙ্গাসহ কার্যক্রম সম্পূর্ণরূপে বন্ধ করে দেওয়া হয় এবং ০১ টি ইটভাটাকে কার্যক্রম বন্ধের জন্য কঠোর নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া ০২ টি ইটভাটার বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) ও বায়ু দূষণ বিধিমালা ২০২২ অনুসারে শরীয়তপুর জেলায় পুরাতন ব্যাটারী হতে সীসা প্রস্তুতের মাদ্যমে পরিবেশ দূষণের দায়ে ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যমে ১০০,০০০/- (এক লক্ষ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০৬ জন ব্যক্তিকে ০৩ মাসের বিনাশ্রম কারাদন্ড প্রদান করা হয় এবং কারখানাটির কার্যক্রম বন্ধ করে দেওয়া হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২৫ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক সিলেট, কিশোরগঞ্জ ও ঢাকা মহানগরের আজিমপুর এলাকায় ০৩ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৮ টি মামলার মাধ্যমে ১০,৫০০/-(দশ হাজার পাঁচশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১১ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। যানবাহন কর্তৃক মানমাত্রাতিক্ত কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের আজিমপুর এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ২ টি মামলার মাধ্যমে '২,০০০/- (দুই হাজার টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং কয়েকটি যানবাহনের ড্রাইভারকে সতর্ক করা হয়। বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ করার দায়ে ঢাকা মহানগরের মোহাম্মদপুর এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০২ টি মামলার মাধ্যেমে ৬০,০০০/- (ষাট হাজার টাকা) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং পার্শ্ববর্তী কয়েকটি প্রতিষ্ঠানের মালিকগণকে সতর্ক করা হয়। এছাড়াও কয়েকটি প্রতিষ্ঠানের নির্মাণ সামগ্রী ঢেকে রাখা ও তাৎক্ষনিকভাবে সরিয়ে ফেলার নির্দেশনা দেওয়া হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় নারায়ণগঞ্জ জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০১ টি মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা করে ০২ টি মামলার মাধ্যমে ৮০০০/- (আট হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৪০ কেজি পলিথিন জব্দ করা হয়।

বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০২২ এর বিধি ১১, ১৭ অনুযায়ী অবকাঠামোগত নির্মাণসামগ্রীর মাধ্যমে বায়ু দূষণের অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য





**০৮ মার্চ ২০২৬** তারিখে  বায়ুদূষণকারী অবৈধ ইটভাটার বিরুদ্ধে ইট প্রস্তুত ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯) অনুসারে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ভোলা জেলায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০২ টি মামলার মাধ্যমে ২,১৫,০০০/- (দুই লক্ষ পনের হাজার ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০১ টি ইটভাটাকে কার্যক্রম বন্ধের জন্য কঠোর নির্দেশনা প্রদান করা হয়। যানবাহন কর্তৃক মানমাত্রাতিক্ত কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের আজিমপুর এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৪ টি মামলার মাধ্যমে ১১,০০০/- (এগারো হাজার টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং কয়েকটি যানবাহনের ড্রাইভারকে সতর্ক করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় বগুড়া জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০১ টি মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যমে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা জরিমানা  ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৬০০ কেজি পলিথিন জব্দ করা হয়।





**০৯ মার্চ ২০২৬** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে গোপালগঞ্জ জেলার সন্ধানী মেডিকেল ডায়াগনস্টিক সেন্টার কে ১০ হাজার টাকা; নিউ গ্রীন লাইফ ডায়াগনস্টিক সেন্টার কে ২০ হাজার টাকা;মানিকগঞ্জ জেলার আকিজ টেক্সটাইল মিলস লিঃ কে ৫ লক্ষ ৬০ হাজার টাকা; নরসিংদী জেলার বি এল এপারেলস লিঃ কে ১ লক্ষ টাকা; ভিক্টরী ডায়াগনস্টিক এন্ড কনসালটেশন কে ২৫ হাজার টাকা; কনফিডেন্স টেক্সটাইল কে ৮ লক্ষ টাকা; টাংগাইল জেলার দি সিটি হাসপাতাল কে ৩০ হাজার টাকা; রেজা মমতাজ হাসপাতাল কে ২৫ হাজার টাকা; দেশবন্ধু হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক কে ৫০ হাজার টাকা; মুন্সীগঞ্জ জেলার ফেন্সী লিমিটেড কে ২ লক্ষ ৫০ হাজার টাকা; ঢাকা জেলার রেডিয়েন্ট ফার্মাসিউটিক্যালস কে  ২ লক্ষ ৮৪ হাজার ৪৪০ টাকা; এবং একে এক্সেসরিজ (প্রাঃ) লিঃ কে ৫০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। বায়ুদূষণকারী অবৈধ ইটভাটার বিরদ্ধে ইট প্রস্-ুত ভাটা স্'াপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯) অনুসারে পরিবেশ অধিদপ্তর কর্তৃক গাজীপুর ও সুনামগঞ্জ জেলায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৫ টি মামলার মাধ্যমে ৮০০,০০০/- (আট লক্ষ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০২ টি ইটভাটাকে কার্যক্রম বন্ধের জন্য কঠোর নির্দেশনা প্রদান করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২৫ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক নেত্রকোনা, সিরাজগঞ্জ, কুড়িগ্রাম জেলায় ০৩ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১১ টি মামলার মাধ্যমে ১৬,৫০০/-(ষোল হাজার পাঁচশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১১ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ করার দায়ে ঢাকা

বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০২২ এর বিধি ১১, ১৭ অনুযায়ী অবকাঠামোগত নির্মাণসামগ্রীর মাধ্যমে বায়ু দূষণের অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য

মহানগরের মোহাম্মদপুর এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০২ টি মামলার মাধ্যেমে ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার টাকা) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং পার্শ্ববর্তী কয়েকটি প্রতিষ্ঠানের মালিকগণকে সতর্ক করা হয়। এছাড়াও কয়েকটি প্রতিষ্ঠানের নির্মাণ সামগ্রী ঢেকে রাখা ও তাৎক্ষনিকভাবে সরিয়ে ফেলার নির্দেশনা দেওয়া হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় ঝালকাঠি জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০১ টি মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা করে ০২ টি মামলার মাধ্যমে ৪,০০০/- (চার হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৬৪ কেজি পলিথিন জব্দ করা হয়।




**১০ মার্চ ২০২৬** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে খুলনা জেলার আকিজ ডেইরী লিমিটেড-১ কে ৫০ হাজার টাকা, আকিজ ডেইরী লিমিটেড-২ কে ৫০ হাজার টাকা; আকিজ ডেইরী লিমিটেড-৩ কে ৫০ হাজার টাকা, রয়েল এগ্রোভেট কে পরিবেশগত ছাড়পত্র গ্রহনের নির্দেশ, মানিকগঞ্জ জেলার রেইনবো ডায়াগনস্টিক সেন্টার কে ২০ হাজার টাকা, এস এ বোর্ড মিল (সজিব পেপার মিল) কে কার্যক্রম বন্ধের নির্দেশ, নিউ পপুলার ডায়াগনস্টিক সেন্টার এন্ড ডক্টরস চেম্বার কে ২০ হাজার টাকা, গ্রীণ এনার্জী ইন্ডাস্ট্রিজ কে ৩ লক্ষ টাকা, গাজীপুর জেলার আলবার ডিজিটাল ডায়াগনস্টিক এন্ড কনসালটেশন সেন্টার কে ২৫ হাজার টাকা, পান্ডা সুজ ইন্ডাস্ট্রিজ লিমিটেড কে ৩০ হাজার টাকা, লালমনিরহাট জেলার মেসার্স কলি এন্ড ব্রাদার্স কে ৫০ হাজার টাকা, ঢাকা মহানগরের এইটাম হসপিটাল কে ৫০ হাজার টাকা এবং এডভান্স স্পেশালাইজড হেলথ কেয়ার কে ৩০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। বায়ুদূষণকারী অবৈধ ইটভাটার বিরুদ্ধে ইট প্রস্তুত ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯) অনুসারে পরিবেশ অধিদপ্তর কর্তৃক কুড়িগ্রাম ও সিরাজগঞ্জ জেলায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৭ টি মামলার মাধ্যমে ২০,৫০,০০০/- (বিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০৪ টি অবৈধ ইটভাটার কাঁচা ইট ধ্বংস ও চিমনী ভাঙ্গাসহ কার্যক্রম সম্পূর্ণরূপে বন্ধ করে দেওয়া হয় এবং ০২ টি ইটভাটাকে কার্যক্রম বন্ধের জন্য কঠোর নির্দেশনা প্রদান করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২৫ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক বান্দরবান জেলায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০২ টি মামলার মাধ্যমে ২০০০/-(দুই হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০২ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। এছাড়া কয়েকটি যানবাহনের ড্রাইভারকে সতর্কতামূলক বার্তা প্রদান করা হয়। যানবাহন কর্তৃক মানমাত্রাতিক্ত কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের আজিমপুর এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৫ টি মামলার মাধ্যমে ৮,০০০/- (আট হাজার টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং কয়েকটি যানবাহনের ড্রাইভারকে সতর্ক করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ঙ) ধারা লংঘন করায় কুমিল্লা জেলায় পুকুর ভরাট দ্বারা জলাশয় ভরাটের দায়ে ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যমে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং পুকুরটির ভরাটকৃত অংশ ১ সপ্তাহের মধ্যে পূর্বের অবস্থায় ফিরিয়ে আনার নির্দেশ প্রদান করা হয়।




ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ধারা ৪, ১৪ অনুযায়ী জেলা প্রশাসকের নিকট হতে লাইসেন্স ব্যতীত ইট প্রস্তুত বা ইটভাটা স্থাপন, পরিচালনা বা চালুর জন্য অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অনধিক ২০ (বিশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।

**১২ মার্চ ২০২৬** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে নরসিংদী জেলার দেশবন্ধু পলিমার লিঃ কে ১ লক্ষ টাকা, থারমেক্স গ্রুপ কে তরল বর্জ্যের ফলাফল মানমাত্রার বাহিরে থাকার জন্য সতর্ক করা হয়, মেসার্স জাকির টেক্সটাইল কে পরিবেশগত ছাড়পত্র গ্রহনের নির্দেশ, টেক্সট হারবার লিঃ কে ১ লক্ষ টাকা, নারায়ণগঞ্জ জেলার দেলোয়ার মেটাল কে কার্যক্রম বন্ধের নির্দেশ, ইনিক গার্মেন্টস ম্যানুফ্যাকচারার কোম্পানী লিঃ কে ২ লক্ষ ৯১ হাজার ২০০ টাকা, অনন্ত এ্যাপারেলস লিঃ কে ৭৫ হাজার ৬০০ টাকা, গাজীপুর জেলার জায়ান্ট টেক্সটাইল লিঃ কে ১ লক্ষ ৬০ হাজার ৮০০ টাকা, দেওয়ান ফ্যাশন ওয়্যারস লিমিটেড কে ৩০ হাজার টাকা, এসপি ওয়াশিং কে ১ লক্ষ ১৫ হাজার ২০০ টাকা, সালেক টেক্সটাইল (ফেব্রিক্স ইউনিট) কে ২ লক্ষ ৫০ হাজার ৫৬০ টাকা, ঢাকা জেলার ওয়াটার ডেনিম ওয়াশিং প্লান্ট কে কার্যক্রম বন্ধের নির্দেশ এবং দি ল্যাবরেটরি কে ৩৫ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়।





**১৫ মার্চ ২০২৬** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে টাংগাইল জেলার মেসার্স মোস্তফা কাটার হাউজ কে ৩০ হাজার টাকা, মেসার্স রিয়া এন্টারপ্রাইজ কে কার্যক্রম বন্ধের নির্দেশ, জামালপুর জেলার আল মাসুম জেনারেল হাসপাতাল কে ৪৫ হাজার টাকা, গাজীপুর জেলার মিউচুয়াল থ্রেড এন্ড এক্সেসরিজ কে বন্ধের নির্দেশ, মানিকগঞ্জ জেলার ড. যোসেফ মেমোরিয়াল হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার কে ৩০ হাজার টাকা, সবুর উদ্দিন পোল্ট্রি ফার্ম কে কার্যক্রম বন্ধের নির্দেশ, ঢাকা জেলার ফ্যাশনইট লিঃ (সিপিপি) কে ৩০ হাজার টাকা, আলিফ এমব্রয়ডারী ভিলেজ লিঃ কে ৩০ হাজার টাকা এবং কালার কিং প্রিন্টিং প্রেস কে ৩০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। বায়ুদূষণকারী অবৈধ ইটভাটার বিরুদ্ধে ইট প্রস্তুত ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯) অনুসারে পরিবেশ অধিদপ্তর কর্তৃক সিলেট, বাগেরহাট, নওগাঁ, শরীয়তপুর, ঢাকা জেলার কেরানীগঞ্জ ও নারায়ণগঞ্জ জেলায় ০৭ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১৪ টি মামলার মাধ্যমে ৫১,০০,০০০/- (একান্ন লক্ষ ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১৮ টি অবৈধ ইটভাটার কাঁচা ইট ধ্বংস ও চিমনী ভাঙ্গাসহ কার্যক্রম সম্পূর্ণরূপে বন্ধ করে দেওয়া হয় এবং ০৩ টি ইটভাটাকে কার্যক্রম বন্ধের জন্য কঠোর নির্দেশনা প্রদান করা হয়।

শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২৫ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক নাটোর, যশোর, কুস্টিয়া, চাঁদপুর, পঞ্চগড়, চাঁপাইনবাবগঞ্জ ও ঢাকা মহানগরের আজিমপুর এলাকায় ০৭ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ২৪ টি মামলার মাধ্যমে ৫০,৬০০/-(পঞ্চাশ হাজার ছয়শত ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৪৯ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। এছাড়া কয়েকটি যানবাহনের ড্রাইভারকে সতর্কতামূলক বার্তা প্রদান করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় কুড়িগ্রাম, দিনাজপুর, নাটোর, রংপুর ও মুন্সীগঞ্জ জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০৬ টি মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা করে ০৮ টি মামলার মাধ্যমে ৪০,৫০০/- (চল্লিশ হাজার পাঁচশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৩১৯ কেজি পলিথিন জব্দ করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এবং বায়ু দূষণ বিধিমালা ২০২২ এর ৮(ক) অনুসারে পরিবেশ অধিদপ্তর পঞ্চগড় ও নারায়ণগঞ্জ জেলায় খোলা অবস্থায় নির্মাণ সামগ্রী পরিবহন ও স্পিনিং মিল দ্বারা বায়ু দূষণের দায়ে ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৩ টি মামলার মাধ্যমে ৪৫,৫০০/- (পঁয়তাল্লিশ হাজার পাঁচশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। যানবাহন কর্তৃক মানমাত্রাতিক্ত কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের আজিমপুর এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০২ টি মামলার মাধ্যমে ৪,০০০/- (চার হাজার টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং কয়েকটি যানবাহনের ড্রাইভারকে সতর্ক করা হয়।

বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০২২ এর বিধি ১১, ১৭ অনুযায়ী অবকাঠামোগত নির্মাণসামগ্রীর মাধ্যমে বায়ু দূষণের অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য





**১৬ মার্চ ২০২৬** তারিখে  বায়ুদূষণকারী অবৈধ ইটভাটার বিরুদ্ধে ইট পস্তুত ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯) অনুসারে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ফরিদপুর জেলায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০২ টি মামলার মাধ্যমে ২,০০,০০০/- (দুই লক্ষ ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০২ টি ইটভাটাকে কার্যক্রম বন্ধের জন্য কঠোর নির্দেশনা প্রদান করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২৫ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক শেরপুর, সিরাজগঞ্জ ও রাজবাড়ী জেলায় ০৩ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১০ টি মামলার মাধ্যমে ৯০০০/-(নয় হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১৯ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। এছাড়া কয়েকটি যানবাহনের ড্রাইভাকে সতর্কতামূলক বার্তা প্রদান করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এবং বায়ু দূষণ বিধিমালা ২০২২ অনুসারে টায়ার পাইরোলাইসিস এর মাধ্যমে বায়ু দূষণের কারণে পরিবেশ অধিদপ্তর কর্তৃক বগুড়া জেলায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যমে ১০০,০০০/- (এক লক্ষ) টাকা জরিমানা  ধার্যপূর্বক আদায় করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) অনুসারে আজকে সকাল ৭টা  থেকে বিকাল ০৩:০০ পর্যন- সদরঘাট থেকে ছেড়ে যাওয়া সকল লঞ্চসমূহের সুপারভাইজার/ স্টাফদের অবহিত করা হয় যে, Single  use Palstic নিয়ে যাত্রীগণ যাতে লঞ্চে না উঠে এবং ব্যবহার্য পলিথিন প্লাস্টিক,খাবার,আবর্জনা যাতে লঞ্চের বিনে ফেলে এবং নদীতে না ফেলে এ বিষয়ে যাত্রীদের সচেতন করা হয়। প্রতিটি লঞ্চে বিন আছে কিনা সেটি নৌ পুলিশসহ রেকি করা হয়েছে। যেসকল লঞ্চে পর্যাপ্ত বিন নাই তাদের অতিসত্ত্ব বিন দেয়ার নির্দেশনা দেয়া হয়েছ।এ বিষয়ে নৌপুলিশকে মনিটরিং করার নির্দেশনা দেয়া হয়। ৩. Single Use Plastic  বিষয়ে এবং নদীতে প্লাস্টিক/আবর্জনা না ফেলার বিষয়ে লঞ্চ কর্তৃপক্ষ লঞ্চে এবং নৌপুলিশ লঞ্চ টার্মিনালে মাইকিং করবে,এ বিষয়ে নির্দেশনা প্রদান করাহয়। অভিযান পরিচালনাকালে নৌপুলিশ হ্যান্ড মাইকিং করে এবং টার্মিনালে মাইকিং করে যাত্রীদের সচেতন করা হয়।





ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ধারা ৪, ১৪ অনুযায়ী জেলা প্রশাসকের নিকট হতে লাইসেন্স ব্যতীত ইট প্রস্তুত বা ইটভাটা স্থাপন, পরিচালনা বা চালুর জন্য অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অনধিক ২০ (বিশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।

**৩০ মার্চ ২০২৬** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে লালমনিরহাট জেলার হেলথ এন্ড মেডিকেয়ার কে ৩৫ হাজার টাকা, খাজা প্যাথলজি এন্ড ডায়াগনস্টিক সেন্টার কে ২০ হাজার টাকা, গাইবান্ধা জেলার প্যাটস হেলথ কেয়ার হসপিটাল কে ২০ হাজার টাকা, আল হেরা ডায়াগনস্টিক সেন্টার কে ২০ হাজার টাকা, সমৃদ্ধি ডায়াগনস্টিক এন্ড গোবিন্দগঞ্জ ডায়াবেটিক সেন্টার কে ২০ হাজার টাকা, কুড়িগ্রাম জেলার সীমান্ত- ডায়াগনস্টিক এন্ড হাসপাতাল কে ১৫ হাজার টাকা, হাসান হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার কে ২৫ হাজার টাকা, নড়াইল জেলার আদর স মিল কে কার্যক্রম বন্ধের নির্দেশ, বাগেরহাট জেলার ইসলামীয়া জেনারেল হসপিটাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার কে ৫০ হাজার টাকা, গাজীপুর জেলার এম এন ডাইং প্রিন্টিং এন্ড ওয়াশিং মিলস লিঃ কে ৪ লক্ষ ১০ হাজার ৪০০ টাকা, টাংগাইল জেলার মীম পোল্ট্রি ফার্ম কে কার্যক্রম বন্ধের নির্দেশ, নওগাঁ জেলার মেসার্স এলাহী অটো রাইস মিল কে ৭৫ হাজার টাকা, মানিকগঞ্জ জেলার মানব সেবা মেটাল ইন্ডাস্ট্রিজ কে কার্যক্রম বন্ধের নির্দেশ, ঢাকা জেলার আলশিফা হাসপাতাল এন্ড ট্রমা সেন্টার কে কার্যক্রম বন্ধের নির্দেশ, জিন্স প্লাস লিমিটেড কে ৩০ হাজার টাকা, নিউ লাইফ এগ্রো সার্ভিস কে কার্যক্রম বন্ধের নির্দেশ, ব্রিটিশ আমেরিকান টোবাকো বাংলাদেশ লিঃ কে ৩০ হাজার টাকা এবং মেহেরপুর জেলার এম বি আর ডিজিটাল ডায়াগনস্টিক এন্ড কনসালটেশন সেন্টার কে ২০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। বায়ুদূষণকারী অবৈধ ইটভাটার বিরুদ্ধে ইট প্রস্তুত ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯) অনুসারে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঝালকাঠি, ফেনী, চুয়াডাঙ্গা এবং বরিশাল বিভাগীয় কার্যালয় কর্তৃক ০৪ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৫ টি মামলার মাধ্যমে ৭,৫০,০০০/- (সাত লক্ষ পঞ্চাশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০২ টি ইটভাটাকে কার্যক্রম বন্ধের জন্য কঠোর নির্দেশনা প্রদান করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২৫ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক যশোর, নোয়াখালী এবং শেরপুর জেলায় ০৩ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১০ টি মামলার মাধ্যমে ৮,০০০/-(আট হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১০ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। এছাড়া কয়েকটি যানবাহনের ড্রাইভারকে সতর্কতামূলক বার্তা প্রদান করা হয়।





বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০২২ এর বিধি ১১, ১৭ অনুযায়ী অবকাঠামোগত নির্মাণসামগ্রীর মাধ্যমে বায়ু দূষণের অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য

**৩১ মার্চ ২০২৬** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে বাগেরহাট জেলার এভারগ্রীন রিসোর্ট কে ২ লক্ষ টাকা, শেরপুর জেলার মেসার্স রিফা টিম্বার্স কে ১৫ হাজার টাকা, ঝিনাইদহ জেলার ক্যাম্পস কিডনি এন্ড ডায়ালাইসিস সেন্টার কে ৩৫ হাজার টাকা, জামালপুর জেলার বিসমিল্লাহ তারকাটা কে ১০ হাজার টাকা, পাবনা জেলার পাবনা মডেল হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার কে ৫০ হাজার টাকা, পঞ্চগড় জেলার একতা ক্লিনিক এন্ড ডায়াগনস্টিক সেন্টার কে ৫০ হাজার টাকা, জয়পুরহাট জেলার মেসার্স মা-বাবার দোয়া স মিল কে ১৫ হাজার টাকা, গাইবান্ধা জেলার স্বর্ণ অটোমেটিক রাইস মিল কে কার্যক্রম বন্ধের নির্দেশ, নওগাঁ জেলার মেসার্স সাকিব ফিলিং স্টেশন কে ৭০ হাজার টাকা, দি স্কয়ার ডিজিটাল ডায়াগনস্টিক এন্ড হাসপাতাল কে ৫০ হাজার টাকা, মেসার্স নওগাঁ ফিলিং স্টেশন কে ৫৫ হাজার টাকা, মেসার্স হক ফিলিং স্টেশন কে ৭০ হাজার টাকা এবং মেসার্স সাফিন ফিলিং স্টেশন কে ৭০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। বায়ুদূষণকারী অবৈধ ইটভাটার বিরুদ্ধে ইট প্রস্তুত ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯) অনুসারে পরিবেশ অধিদপ্তর কর্তৃক মানিকগঞ্জ, গাজীপুর ও ঢাকা জেলার ধামরাই এলাকায় ০৩ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১৪ টি মামলার মাধ্যমে ৫৮,০০,০০০/- (আটান্ন লক্ষ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০৫ টি ইটভাটাকে কার্যক্রম বন্ধের জন্য কঠোর নির্দেশনা প্রদান করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২৫ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ভোলা ও লালমনিরহাট জেলায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১৫ টি মামলার মাধ্যমে ১৬,০০০/-(ষোল হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ২০ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ করার দায়ে শেরপুর জেলায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যেমে ৫০০/- (পাঁচশত টাকা) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং পার্শ্ববর্তী কয়েকটি প্রতিষ্ঠানের মালিকগণকে সতর্ক করা হয়। এছাড়াও কয়েকটি প্রতিষ্ঠানের নির্মাণ সামগ্রী ঢেকে রাখা ও তাৎক্ষনিকভাবে সরিয়ে ফেলার নির্দেশনা দেওয়া হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(খ) ধারা লংঘন করায় কক্সবাজার জেলার রামু উপজেলায় পাহাড় কর্তনের দায়ে ০১ টি মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা করে ০১ টি মাটি কাটার এক্সেভেটর ও ডাম্পার ট্রাক জব্দ করে রামু থানায় সোপর্দ করা হয়। সরকারি অনুমোদন ব্যতিরেকে অবৈধভাবে পাহাড় কর্তন করার দায়ে ২৩ জন কে আসামী করে রামু থানায় ০১ টি মামলা দায়ের করা হয় এবং আশে-পাশের সাধারণ জনগণকে পাহাড় কর্তনের বিষয়ে সচেতন করা হয়।





ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ধারা ৪, ১৪ অনুযায়ী জেলা প্রশাসকের নিকট হতে লাইসেন্স ব্যতীত ইট প্রস্তুত বা ইটভাটা স্থাপন, পরিচালনা বা চালুর জন্য অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অনধিক ২০ (বিশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।












বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ (১), ১৫(১) ধারা অনুযায়ী স্বাস্থ্য হানিকর বা পরিবেশের জন্য ক্ষতিকর ধোঁয়া বা গ্যাস” অর্থ বিধি দ্বারা নির্ধারিত মান মাত্রা অতিক্রমকারী ধোঁয়া বা যে কোনো গ্যাস নিঃসরণ বন্ধ করার লক্ষ্যে পরীক্ষা করার উদ্দেশ্য ব্যতীত অন্য কোনভাবে উক্ত যানবাহন চালুর অপরাধে অনধিক ৫ (পাঁচ) হাজার টাকা অর্থদণ্ড আরোপযোগ্য।

দৈনিক করতোয়া

সোমবার, ১৬ মার্চ ২০২৬

## আদমদীঘির ফারজানা রিসাইক্লিং প্ল্যান্টের লাখ টাকা জরিমানা

স্টাফ রিপোর্টার: বগুড়ার আদমদিঘী উপজেলা প্রশাসন ও পরিবেশ অধিদপ্তর, বগুড়ার উদ্যোগে আদমদিঘীস্থ ফারজানা রিসাইক্লিং প্লান্ট নামক টায়ার পাইরোলাইসিস কারখানায় গতকাল রোববার মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। এসময় কারখানাটিকে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত-২০১০) অনুযায়ী ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়। এসময় প্রতিষ্ঠানটিকে এক লাখ টাকা জরিমানা ধার্য ও আদায় করা হয়। অভিযানটি পরিচালনা করেন এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ও সহকারী কমিশনার (ভূমি) মাহমুদা সুলতানা এবং পরিবেশ অধিদপ্তর বগুড়া জেলার পরিদর্শক মো. মাহমুদুল হাসান প্রসিকিউশন প্রদান করেন। এছাড়া উক্ত অভিযানে আদমদিঘী থানা পুলিশ সার্বিক সহযোগিতা (৬ পৃ: ৫ ক: দ্র:)

সম্পাদক ও প্রকাশক :

প্রচ্ছদ | অপরাধ, সারাদেশ

## নিয়ামতপুরে অবৈধ ইটভাটার বিরুদ্ধে অভিযান, তিন ভাটাকে ১০ লাখ টাকা জরিমানা

প্রকাশের সময় : বৃহস্পতিবার, ১২ মার্চ, ২০২৬ / ১১৪ বার পঠিত



প্রিন্ট নিউজ

**সবুজ হোসেন, বিশেষ প্রতিনিধি:**

নওগাঁর নিয়ামতপুর উপজেলায় অবৈধভাবে পরিচালিত ইটভাটার বিরুদ্ধে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে তিনটি ইটভাটাকে মোট ১০ লাখ টাকা জরিমানা করা হয়েছে। পরিবেশগত ছাড়পত্র ও ইট পোড়ানোর লাইসেন্স ছাড়াই ইটভাটা পরিচালনার দায়ে এই জরিমানা ধার্য ও আদায় করা হয়।

বৃহস্পতিবার (১২ মার্চ) পরিবেশ অধিদপ্তর নওগাঁ জেলা কার্যালয়ের উদ্যোগে এবং নওগাঁ জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. আশিকুর রহমানের নেতৃত্বে নিয়ামতপুর

bssnews.net/district/

BSS NEWS

Sunday : 19 April, 2026 | Archive | বাংলা

District

## 11 illegal brick kilns demolished in Bagerhat

BSS

12 Mar 2026, 22:16



Department of Environment demolishes 11 illegal brick kilns in Bagerhat to protect environment. Photo : BSS

BAGERHAT, March 12, 2026 (BSS) - A mobile court demolished 11 illegal panja system brick

কালের কণ্ঠ

ই-পেপার

প্রকাশ: ১০ মার্চ, ২০২৬ ২১:৫৫

## সিরাজগঞ্জে গুঁড়িয়ে দেওয়া হলো অবৈধ দুই ইটভাটা

- ৬টিকে ১৯ লাখ টাকা জরিমানা

সিরাজগঞ্জ প্রতিনিধি








সংগৃহীত ছবি

ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ধারা ৪, ১৪ অনুযায়ী জেলা প্রশাসকের নিকট হতে লাইসেন্স ব্যতীত ইট প্রস্তুত বা ইটভাটা স্থাপন, পরিচালনা বা চালুর জন্য অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অনধিক ২০ (বিশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।



dailyalokitosakal.net

রবিবার ১৯ এপ্রিল ২০২৬

দৈনিক আলোকিত সকাল

প্রচ্ছদ স্বদেশ / আড়াইহাজারে দুই টেক্সটাইল কার...

## আড়াইহাজারে দুই টেক্সটাইল কারখানাকে ৪৫ হাজার টাকা জরিমানা

প্রকাশিত: বুধবার ১১ মার্চ ২০২৬ | অনলাইন সংস্করণ

Share 0 ফটোকার্ড

শিরোনাম



dailyalokitosakal.net

প্রচ্ছদ স্বদেশ / নারায়ণগঞ্জে পলিথিনবিরোধী অভি...

## নারায়ণগঞ্জে পলিথিনবিরোধী অভিযান, ৪০ কেজি জব্দ ও জরিমানা ৮ হাজার

প্রকাশিত: বৃহস্পতিবার ০৫ মার্চ ২০২৬ | অনলাইন সংস্করণ

Share 0 ফটোকার্ড

নারায়ণগঞ্জে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ বিক্রি ও প্রদর্শনের অভিযোগে দুটি প্রতিষ্ঠানে অভিযান চালিয়ে প্রায় ৪০ কেজি পলিথিন জব্দ করা হয়েছে। এ সময় দুই প্রতিষ্ঠানকে মোট ৮ হাজার টাকা জরিমানা করা হয়। বৃহস্পতিবার (৫ মার্চ) ফতুল্লা এলাকায় জেলা প্রশাসনের ভ্রাম্যমাণ আদালত এ অভিযান পরিচালনা করে।

জেলা প্রশাসকের কার্যালয়ের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও সহকারী কমিশনার সুনিম সোহানা এবং তাবাসসুম হাসান তানিশার নেতৃত্বে

শিরোনাম



## আড়াইহাজারে দুই টেক্সটাইল কারখানাকে ৪৫ হাজার টাকা জরিমানা

প্রকাশিত: বুধবার ১১ মার্চ ২০২৬ | অনলাইন সংস্করণ

Share 0 ফটোকার্ড

নারায়ণগঞ্জের আড়াইহাজারে বিষাক্ত কালো ধোঁয়া নির্গমনের মাধ্যমে পরিবেশ দূষণের দায়ে দুটি টেক্সটাইল কারখানাকে মোট ৪৫ হাজার টাকা জরিমানা করা হয়েছে। বুধবার (১১ মার্চ) উপজেলার গোপালদী ও রামচন্দ্রদী এলাকায় পরিচালিত ভ্রাম্যমাণ আদালতের অভিযানে এ জরিমানা আদায় করা হয়।

অভিযান পরিচালনা করেন আড়াইহাজার উপজেলার এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ও সহকারী কমিশনার (ভূমি) মো. মোস্তাফিজুর রহমান ইমন। এ সময় আড়াইহাজার থানা পুলিশের সদস্য ও পরিবেশ অধিদপ্তর নারায়ণগঞ্জ জেলা কার্যালয়ের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। পরিবেশ অধিদপ্তরের পরিদর্শক টিটু বড়ুয়া মামলার প্রসিকিউশন পরিচালনা করেন।

শিরোনাম



দৈনিক আলোকিত সকাল

প্রচ্ছদ স্বদেশ / বক্তাবলীতে তিন ইটভাটায় ৯ লাখ টাকা জরিমানা, একটির কার্যক্রম বন্ধ

## বক্তাবলীতে তিন ইটভাটায় ৯ লাখ টাকা জরিমানা, একটির কার্যক্রম বন্ধ

বাংলাদেশের সংবিধানের ১৮ক অনুচ্ছেদ মোতাবেক “রাষ্ট্র বর্তমান ও ভবিষ্যৎ নাগরিকদের জন্য পরিবেশ সংরক্ষণ ও উন্নয়ন করবে এবং জীববৈচিত্র্য, জলাভূমি, বন ও বন্যপ্রাণির নিরাপত্তা বিধান করবে”



পরিবেশ অধিদপ্তর

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়